গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড (জিটিসিএল)

(পেট্রোবাংলার একপট কোম্পানী)

প্লট নং-এফ-১৮/এ, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, আগারগাঁও, ঢাকা।

বিষয়: **জিটিসিএল-এর ২০২১-২০২২ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মে ২০২২ মাসের অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মহাব্যবস্থাপক (এইচআর) ও আহ্বায়ক, এপিএ টিম |
| সভার তারিখ | : | ২০-০৬-২০২২ |
| সভার সময় | : | বিকাল ৩:০০ ঘটিকা |
| স্থান | : | কমিটি রুম (লেভেল-৩), জিটিসিএল প্রধান কার্যালয়। |

সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা **পরিশিষ্ট 'ক'** হিসেবে সংযুক্ত।

১.০। আলোচনা:

১.১। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে উপ-মহাব্যবস্থাপক (প্রজেক্ট প্লানিং এন্ড মনিটরিং) ও এপিএ টিমের ফোকাল পয়েন্ট মে ২০২২ মাসের কর্মসম্পাদনের ক্ষেত্র এবং সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্রের বিস্তারিত অগ্রগতি উপস্থাপন করেন।

১.২। এপিএ টিমের ফোকাল পয়েন্ট তার বক্তব্যে সভায় জানান যে, গ্যাস পাইপলাইন সম্প্রসারণের লক্ষ্যমাত্রা ইতোমধ্যে অর্জিত হয়েছে এবং গ্যাস স্টেশন স্থাপন এর লক্ষ্যমাত্রাও অর্জিত হয়েছে। তবে নদী ক্রসিং এর লক্ষ্যমাত্রা অর্জিত হবে না বলে তিনি সভায় সকলকে অবহিত করেন। তবে এক্ষেত্রে কিছু অগ্রগতি সম্পন্ন হয়েছে।

১.৩। এ পর্যায়ে, ফোকাল পয়েন্ট, এপিএ টিম পিগিং কার্যক্রম সর্ম্পকে বলার জন উপ-মহাব্যবস্থাপক (পাইপলাইন ইনটেগ্রিটি-কে অনুরোধ করলে তিনি সভায় জানান যে, বৈশ্বিক মহামারিসহ কতিপয় অনিবার্য কারণ বশত ইন্টেলিজেন্ত পিগিং বিলম্বিত হচ্ছে। তবে চলতি অর্থবছরে ধনুয়া-এলেঙ্গা-বঙ্গবন্ধু সেতুর পূর্বপাড় পর্যন্ত ৩০" ব্যাসের ৬৫ কি.মি. পাইপলাইন ইতোমধ্যেই পিগিং সম্পন্ন হয়েছে যার ফলে এপিএ-তে নির্ধারিত ৬০ কি.মি. লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে।

১.৪। মহাব্যবস্থাপক (ডিজাইন এন্ড ডেভেলপমেন্ট) ও সদস্য এপিএ কমিটি সভায় জানান যে, ভৌত অবকাঠামো নির্মাণ ৫টি কাজই ইতোমধ্যে সম্পন্ন হয়েছে।

১.৫। মহাব্যবস্থাপক (এইচআর) ও আহ্বায়ক, এপিএ টিম সভায় অবহিত করেন যে, জনবল প্রশিক্ষণ, আভ্যন্তরীন শিখন সেশন ও জনবল নিয়োগ সংক্রান্ত লক্ষ্যমাত্রা অর্জিত হবে বলে আশা প্রকাশ করেন।

১.৬। এপিএ টিমের আহবায়ক তার বক্তব্যে সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্রের কার্যক্রমসমূহের অগ্রগতি ও প্রমাণকের বিষয়ে বিস্তারিত আলোচনা ও গুরুত্বারোপ করেন । এসময়ে তিনি সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের সংশ্লিষ্ট কমিটিসমূহের ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণকে নিজ নিজ কমিটির অগ্রগতি ও সমস্যা সম্পর্কে আলোচনার জন্য অনুরোধ করেন।

১.৭। শুদ্ধাচার কমিটির ফোকাল পয়েন্ট ও উপ-মহাব্যবস্থাপক (সাধারন প্রশাসন) সভায় অবহিত করেন যে, এনআইএস কর্মপরিকল্পনা যথাসময়ে বাস্তবায়িত হবে। এক্ষেত্রে কোন কার্যক্রমে কোনপ্রকার প্রতিবন্ধকতা নেই বলে তিনি জানান।

১.৮। ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার অগ্রগতি সম্পর্কে সংশ্লিষ্ট কমিটি ফোকাল পয়েন্ট ও উপ-মহাব্যবস্থাপক (আইসিটি) জানান যে, এতদসংক্রান্ত অগ্রগতি সন্তোষজনক ও কোন সমস্যা নেই।

১.৯। অভিযোগ প্রতিকার ব্যবস্থা (জিআরএস) সংক্রান্ত কর্মপরিকল্পনার অগ্রগতি সম্পর্কে সংশ্লিষ্ট কমিটি ফোকাল পয়েন্ট ও উপ-মহাব্যবস্থাপক (বোর্ড) জানান যে, জিআরএস সফটওয়ার সংক্রান্ত প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে । এছাড়া অংশীজনের বাকি ১টি সভা যথাসময়েই সম্পন্ন হবে বলে উপ-মহাব্যবস্থাপক (বোর্ড) সভায় অবহিত করেন। কমিটি পরিবর্তন না হলেও কমিটির অফিস আদেশ ৩ মাস পর পর অফিস আদেশ হালনাগাদ করতে হবে এ বিষয়ে এপিএ টিমের আহবায়ক গুরুত্বারোপ করেন ।

১.১০। সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত কর্মপরিকল্পনার অগ্রগতি সম্পর্কে সংশ্লিষ্ট কমিটি ফোকাল পয়েন্ট ও উপ-মহাব্যবস্থাপক (ল এন্ড শেয়ার) জানান যে, বাকি কার্যক্রম যথাসময়ে সম্পন্ন হবে বলে তিনি সভায় জানান। সভায় সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত তথ্য হালনাগাদ করার বিষয়ে গুরুত্বারোপ করা হয় ।

১.১১। তথ্য অধিকার বিষয়ে সভায় "তথ্য অধিকার আইন ও বিধিবিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকরণ" শীর্ষক কার্যক্রম সভা, সেমিনার ও প্রচারপত্র সংক্রান্ত প্রমাণক নির্দেশিকা অনুযায়ী প্রদানের তাগিদ দেওয়া হয়।

১.১২। সভাপতি মহোদয় সভায় বলেন যে, আগামী ০৫-০৭-২০২২ তারিখের মধ্যে সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের সংশ্লিষ্ট কমিটি মিটিং করে প্রমাণকসহ মূল্যায়ন প্রতিবেদন রিপোর্ট এপিএ টিমের কাছে পৌঁছাতে হবে। আগামী অর্থবছরের এপিএ এর কর্মসম্পাদনের ক্ষেত্র এবং সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্রে প্রমাণকসমূহ নির্দেশিকা অনুযায়ী যথাযথভাবে ও যথাসময়ে সংগ্রহ ও সংরক্ষণ এবং সকল কার্যাদি শতভাগ বাস্তবায়নের বিষয়ে আহবায়ক বিশেষ গুরুত্ব আরোপ করেন।

২.০। **<u>সিদ্ধান্ত</u>:** সভায় বিস্তারিত আলোচনার পর নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

২.১। সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্রের কর্মপরিকল্পনা বাস্তবায়ন এবং বাস্তবায়নের যথাযথ প্রমাণকসমূহ নির্দেশিকা অনুযায়ী সংরক্ষণ করতে হবে;

২.২। আগামী ০৫-০৭-২০২২ তারিখের মধ্যে সংশ্লিষ্ট কমিটিসমূহের কর্মপরিকল্পনা সংক্রান্ত সভা করে রিপোর্ট এপিএ টিমের কাছে পৌঁছাতে হবে।

৩.০। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৯/৬/2022

(মো: সাইফুল ইসলাম)
মহাব্যবস্থাপক (এইচআর), জিটিসিএল
ও
আহ্বায়ক, এপিএ টিম।

**<u>বিতরণ: (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নহে)</u>**

১। সকল মহাব্যবস্থাপক, জিটিসিএল।
২। সকল উপ-মহাব্যবস্থাপক, জিটিসিএল।
৩। সকল প্রকল্প পরিচালক, জিটিসিএল।
৪। ফোকাল পয়েন্ট (এপিএ/এনআইএস/জিআরএস/সিটিজেন চার্টার/ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন ইনোভেশন/আরটিআই কমিটি), জিটিসিএল।

**<u>অনুলিপি:</u>**

১। উপ-ব্যবস্থাপক (সমন্বয়), ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর, জিটিসিএল।
২। অফিস কপি।

# গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড (জিটিসিএল)

(পেট্রোবাংলার একটি কোম্পানী)

প্লট নং-এফ-১৮/এ, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা

আগারগাঁও, ঢাকা।

**২০২১-২০২২ অর্থ বছরের বার্ষিক কর্ম সম্পাদন চুক্তির সকল কার্যক্রমের মে, ২০২২ মাস পর্যন্ত অগ্রগতি পর্যালোচনা ও প্রমাণক প্রস্তুতের বিষয়ে আলোচনার নিমিত্ত এপিএ টিমের আহ্বায়কের সভাপতিত্বে সভার উপস্থিতির তালিকা:**

তারিখ : ২০-০৬-২০২২

সময় : ৩:০০ ঘটিকা

স্থান : কোম্পানির সেমিনার রুম, লেভেল-৩

| ক্রমিক নং | কর্মকর্তার নাম ও পদবী | স্বাক্ষর |
|---|---|---|
| ১। | মো: সাইফুল ইসলাম, মহাব্যবস্থাপক (এইচ.আর) | [signature] 20/6/22 |
| ২। | প্রকৌ. শাহেলা বানু, মহাব্যবস্থাপক-(ডিএসডি) | [signature] 20/06/2022 |
| ৩। | মঈনুদ্দিন আহমেদ, ডিজিএম, এ্যাডমিন | [signature] ২০/০৬/২০22 |
| ৪। | মুহম্মদ ইকবাল হক | [signature] 20/6/22 |
| ৫। | মো: মতিয়ুর রহমান | [signature] 20/06/2022 |
| ৬। | এ. এম. এম. তৌহিদুর রহমান চৌধুরী, ব্যবস্থাপক (প্রকৌশল) | [signature] 20.06.22 |
| ৭। | মো: মফিজুর রহমান, DGM | [signature] 20-06-22 |
| ৮। | মো: মোস্তাফিজুল করিম, DGM | [signature] 20-06-2022 |
| ৯। | মো: আবু সাঈদ উপ-ব্যবস্থাপক (P.P) | [signature] 20-6-2022 |
| ১০। | | |
| ১১। | | |
| ১২। | | |
| ১৩। | | |
| | | |
| | | |